গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
জেলাঃ নাটোর।
www.lged.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০২.৬৯০০.০০০.৯৯.০১৩.২১.২৮৩২ তারিখঃ ১২/১২/২০২২ইং

## "নোটিশ"

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের **২০২২-২৩ অর্থ বছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা** ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো সংক্রান্ত জেলা **নৈতিকতা কমিটি সভা আগামী ১৫-১২-২০২২ইং তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০.০০** ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর সভাকক্ষে **অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে উপস্থিত** থাকার জন্য অনুরোধ করা হলো।

(মোহাঃ শহিদুল ইসলাম)
নির্বাহী প্রকৌশলী
এলজিইডি, নাটোর।
মোবাইল নং ০১৭০৮-১২৩২২২
E-mail- xen.natore@lged.gov.bd

অনুলিপি ঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী বিভাগ, রাজশাহী।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
৩। সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, এলজিইডি, অত্র দপ্তর।
৪। উপজেলা প্রকৌশলী, উপজেলাঃ সদর/সিংড়া/নলডাঙ্গা/গুরুদাসপুর/বড়াইগ্রাম/লালপুর/ বাগাতিপাড়া, নাটোর।

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় নাটোর জেলার নির্বাহী প্রকৌশলীর দপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো সংক্রান্ত জেলা নৈতিকতা কমিটির ২০২২-২০২৩ অর্থ বছরের অক্টোবর/২০২২(২য় কোয়ার্টার) সভার কার্যবিবরণীঃ

তারিখ ঃ ১৫-১২-২০২২ইং, সময়ঃ বেলা ১০.০০ ঘটিকা।
সভার স্থান ঃ নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নাটোর এর কার্যালয়।
সভাপতি ঃ জনাব মোহাঃ শহিদুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নাটোর।

সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা ও স্বাক্ষর পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী প্রকৌশলী ও সদস্য সচিব জনাব মোঃ শাহনেওয়াজ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সংক্রান্ত বিষয়ে সভায় উপস্থাপন করেন।

অদ্য ১৫/১২/২০২২ইং তারিখ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো সংক্রান্ত জেলা নৈতিকতা কমিটির অংশগ্রহনে সভা অনুষ্ঠিত হয়। সভায় বিষয় ভিত্তিক বিস্তারিত আলোচনা ও নিম্নবর্নিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|---|
| ০১ | প্রতিষ্ঠানিক ব্যবস্থা | ১.১. নৈতিকতা কমিটির ত্রৈমাসিক সভা আয়োজন। | ২০২২-২০২৩ বছরের ৩য় কোয়াটার এর সভা আগামী ১৫/০৩/২০২৩ইং তারিখের মধ্যে আহবান এর সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র সহকারী প্রকৌশলী |
| | | ১.২. নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন। | জেলা ও উপজেলায় কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীদের নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত ১০০% বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র সহকারী প্রকৌশলী /উপজেলা প্রকৌশলী ও সহকারী প্রকৌশলী। |
| | | ১.৩. সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের(Stakeholders) অংশ গ্রহণে সভা | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে ১৫/০৩/২০২৩ইং তারিখের মধ্যে সভা আহবানের সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী/সিনিয়র সহকারী প্রকৌশলী / উপজেলা প্রকৌশলী। |
| | | ১.৪. শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষন আয়োজন | জেলা পর্যায়ে প্রশিক্ষণ আয়োজনের জন্য কোন অর্থ বরাদ্দ না থাকায় এলজিইডি সদর দপ্তরের প্রশিক্ষণ ইউনিট কর্তৃক আয়োজনের জন্য অনুরোধ জানানোর সিদ্ধান্ত সিদ্ধান্ত গৃহীত হয়। | সদর দপ্তরের প্রশিক্ষণ ইউনিট |
| | | ১.৫.কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ড ই ভূক্ত অকেজো মালামাল নিস্পত্তি করণ/ নথি বিনষ্টকরণ/পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/ মহিলাদের পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা ইত্যাদি। | স্ব-স্ব অফিসে সেবা দানকারী ও সেবা গ্রহণকারী সকলকে সরকার কতৃক জারীকৃত স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে। মাস্ক ছাড়া অফিসে প্রবেশ নিষেধ বিষয়ে ব্যনার ফেষ্টুন লাগাতে হবে(No Mask, No Entry) সেবা যদি পেতে চান মাস্ক পরে অফিসে যান। অফিসসহ অফিস চত্ত্বর পরিষ্কার পরিচ্ছন্ন রাখা। এছাড়াও ইতোমধ্যে কিছু পুরাতন নথিসমূহ বিনষ্ট করা হয়েছে। অবশিষ্ট অরো পুরাতন নথি বাছাই করে বিনষ্ট করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র সহকারী প্রকৌশলী /উপজেলা প্রকৌশলী ও সহকারী প্রকৌশলী। |
| ২ | প্রতিষ্ঠানিক ব্যবস্থা উন্নয়ন | ২.১. ক্রয় পরিকল্পনা ওয়েব সাইটে প্রকাশ। | বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) ওয়েব সাইটে প্রকাশিত হয়েছে। সে অনুযায়ী ক্রয়কার্য সম্পাদন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র সহকারী প্রকৌশলী /উপজেলা প্রকৌশলী ও সহকারী প্রকৌশলী। |
| ৩। | শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দূর্নীতি প্রতিরোধ সহায়ক অন্যান্য কার্যক্রম | ৩.১ সেবা প্রদানের ক্ষত্রে রেজিষ্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ । | সেবা প্রদানের ক্ষত্রে রেজিষ্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা প্রদানের গ্রহীতা রেজিষ্টার সমূহ হালনাহগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী। |
| | | ৩.২. সম্পাদিত কাজের চুড়ান্ত বিলের সাথে স্থীর চিত্র (কপি সংযুক্ত)। | ১ম কোয়াটারের মধ্যে সম্পাদিত সকল স্কীমের চুড়ান্ত বিলের স্থীর চিত্র নেওয়া হয়েছে (কপি সংযুক্ত)। | সিনিয়র সহকারী প্রকৌশলী /উপজেলা প্রকৌশলী ও সহকারী প্রকৌশলী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৩.৩. ৩(তিন) কোটি টাকার উর্ধ্বের কাজ সমূহের চুড়ান্ত বিল প্রদানের পূর্বে অতিরিক্ত প্রধান প্রকৌশলী/তত্ত্বাবধায়ক প্রকৌশলী কতৃক প্রত্যয়ন প্রদান (কপি সংযুক্ত)। | ১ম কোয়াটারের মধ্যে সম্পাদিত ৩(তিন) কোটি টাকার উর্ধ্বের কাজ সমূহের চুড়ান্ত বিল প্রদানের পূর্বে অতিরিক্ত প্রধান প্রকৌশলী, রাজশাহী বিভাগ/তত্ত্বাবধায়ক প্রকৌশলী, অঞ্চল রাজশাহী কতৃক প্রত্যয়ন গ্রহন করা হয়েছে (কপি সংযুক্ত)। | সিনিয়র সহকারী প্রকৌশলী /উপজেলা প্রকৌশলী। |
| | | ৩.৪. পরিদর্শণ টিম কর্তৃক প্রাপ্ত ত্রুটি পূর্ণ কাজ সংশোধন। | পরিদর্শণ টিম কর্তৃক প্রাপ্ত ত্রুটি পূর্ণ কাজ সমূহের ত্রুটি সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী |

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে অন্যান্য বিষয়ে স্ব-স্ব উপজেলার সাথে আলোচনা করে লক্ষ্যমাত্রা নির্ধারণ করার বিষয়ে পরামর্শ প্রদান করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

15/12/22

(মোহাঃ শহিদুল ইসলাম)
সভাপতি
জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি
ও
নির্বাহী প্রকৌশলী
এলজিইডি, নাটোর।
মোবাইল নং ০১৭০৮ ১২৩২২২
E-mail- xen.natore@lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.৯৬০০.০০০.০৯৯.০১৩.২১-২৯৯২(১৪)
তারিখঃ- ১৫/১২/২০২২ ইং

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

১। প্রধান প্রকৌশলী,এলজিইডি, এলজিইডি ভবন,আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী(মানব সম্পদ উন্নয়ন, মান নিয়ন্ত্রন ও পরিবেশ) ও সদস্য সচিব নৈতিকতা কমিটি, এলজিইডি, সদর দপ্তর ঢাকা।
৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
৫। সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী-১/২, অত্র দপ্তর।
৬। উপজেলা প্রকৌশলী, উপজেলাঃ ---------------------------(সকল), জেলাঃ নাটোর।

নির্বাহী প্রকৌশলী
এলজিইডি, নাটোর।
15/12/22